

- ন) যে শব্দকে বিশ্লেষণ করা যায় না- তাকে কী বলে?
- প) অর্থগত দিক থেকে বাংলা শব্দ কত প্রকার?
- ফ) অনুজ্ঞা ব্যবহৃত হয় কোন কালে?
- ব) অপ্রত্যক্ষ বলে অনুজ্ঞা হয় না কোন পুরুষের?
- ভ) প্রাচীন বাংলা রীতিতে মধ্যম পুরুষের অনুজ্ঞায় ক্রিয়াপদে কী যোগ করার নিয়ম ছিল?
- ম) বাংলা অনুজ্ঞার ব্যবহার নেই কোন কালে?
- য) 'শরতের পরে আসে বসন্ত'- বাক্যটিতে 'পরে' অনুসর্গটি কী অর্থ প্রকাশ করেছে?
- র) 'আছ তুমি প্রভু জগৎ মাঝারে'- এখানে 'মাঝারে' শব্দটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?
- ল) যে সকল শব্দ তাদের আভিধানিক অর্থে ব্যবহৃত না হয়ে অন্য অর্থে ব্যবহৃত হয় তাকে কী বলে?
- শ) যে সকল শব্দ তাদের আভিধানিক অর্থে ব্যবহৃত হয়. এই আভিধানিক অর্থই তাদের কী?
- ষ) 'আমড়া কাঠের টেঁকি'-বাগধারাটির অর্থ কী?

দশম শ্রেণি
পাঠ-মূল্যায়ন--০১

বিষয়ঃ বাংলা ২য় পত্র

[বিঃদ্র: ডানপার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়]

- ১। যে কোন একটি বিষয়ে অনুচ্ছেদ রচনা কর: ১০
- (ক) করোনা ভাইরাস
- (খ) বইপড়া
- ২। যে কোন একটি বিষয়ে পত্র লিখ: ১০
- ক) মনে কর তুমি তারিনা, পরীক্ষার কৃতিত্ব প্রদর্শনের জন্য বন্ধুকে অভিনন্দন জানিয়ে পত্র লিখ।
- খ) মনে কর, তুমি রফিক। ডাকঘর স্থাপনের প্রয়োজনীয়তা উল্লেখ করে পত্রিকায় প্রকাশ উপযোগী একখানা পত্র লিখ।
- ৩। সারমর্ম লিখ: ১০
- (ক) দণ্ডিতের সাথে
- দণ্ডদাতা কাঁদে যবে সমান আঘাতে
- সর্বশ্রেষ্ঠ সে বিচার। যার তরে প্রাণ
- ব্যথা নাহি পায় কোনো, তারে দণ্ড দান
- প্রবলের অত্যাচার। যে দণ্ড বেদনা
- পুত্রেরে পার না দিতে, সে কারেও দিও না।
- মহা অপরাধী হবে তুমি তার কাছে।

অথবা

(খ) সারাংশ লেখঃ

অতীতকে ভুলে যাও। অতীতের দুশ্চিন্তার ভাব অতীতকেই নিতে হবে। অতীতের কথা ভেবে অনেক বোকাই মরেছে। আগামীকালের বোঝা অতীতের বোঝার সঙ্গে মিলে আজকের বোঝা সবচেয়ে বড় হয়ে দাঁড়ায়। ভবিষ্যৎকেও অতীতের মতো দৃঢ়ভাবে দূরে সরিয়ে দাও। আজই তো ভবিষ্যৎ। ভবিষ্যৎ কাল বলে কিছু নেই। মানুষের মুক্তির দিন তো আজই। আজই ভবিষ্যতের কথা যে ভাবতে বসে সে ভোগে শক্তিহীনতায়, মানসিক দুশ্চিন্তায় ও শাযুবিক দুর্বলতায়। অতএব, অতীতের এবং ভবিষ্যতের দরজায় আগল লাগাও আর শুরু কর দৈনিক জীবন নিয়ে বাঁচতে।

৪। যে কোন একটি ভাব-সম্প্রসারণ কর: ১০

(ক) বনেরা বনে সুন্দর, শিশুরা মাতৃক্রোড়ে।

(খ) ভোগে নয়, ত্যাগেই প্রকৃত সুখ।

৫। যে কোন একটি বিষয়ে প্রতিবেদন রচনা কর: ১০

(ক) তোমার বিদ্যালয়ে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের বিবরণ দিয়ে প্রধান শিক্ষক বরাবর একটি প্রতিবেদন প্রণয়ন কর।

(খ) নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য বৃদ্ধির কারণ ও প্রতিকার সম্বন্ধে পত্রিকায় প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা কর।

৬। যে কোন একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর: ২০

(ক) মানব কল্যাণে বিজ্ঞান;

(খ) শ্রমের মর্যাদা;

(গ) বাংলাদেশের ঋতুবৈচিত্র্য;

৭। সংক্ষিপ্ত প্রশ্ন :

৩০

ক) সংস্কৃত সাৎ প্রত্যয়যুক্ত পদে কী ব্যবহৃত হয় না?

খ) সমাসবদ্ধ শব্দে খাটে না কোন বিধান?

গ) 'ত' বগীয় বর্ণের সঙ্গে ব্যবহৃত 'ন' কখনো কী হয় না?

ঘ) 'ষ' এর ব্যবহার হয় না কোন ধরনের শব্দে?

ঙ) দ্বিরুক্ত অর্থ কী?

চ) দ্বিরুক্ত শব্দগুলো কত প্রকার?

ছ) দ্বিরুক্ত শব্দের অপর নাম কী?

জ) যুগ্মরীতিতে দ্বিরুক্ত শব্দ গঠিত হয় কয়টি নিয়মে?

ঝ) যে প্রত্যয় নির্দিষ্টতা বোঝায় তার নাম কী?

ঞ) পদাশ্রিত নির্দেশকের অপর নাম কী?

ট) পদাশ্রিত নির্দেশকের বিভিন্নতা প্রযুক্ত হয় কী ভেদে?

ঠ) পদাশ্রিত নির্দেশক সাধারণত পদের কোথায় বসে?

ড) ক্রিয়াপদকে বিশ্লেষণ করলে কয়টি অংশ পাওয়া যায়?

ঢ) ধাতুর অপর নাম কী?

ণ) বাংলা ভাষায় মৌলিক ধাতু কত প্রকার?

ত) মৌলিক ধাতুর অপর নাম কী?

থ) মৌলিক ধাতুর পরে প্রেরণার্থে 'আ' প্রত্যয় যোগে গঠিত হয় কোন ধাতু?

দ) সন্দেশ শব্দটি কী ধরনের শব্দ?

ধ) উৎস অনুযায়ী বাংলা শব্দ কত প্রকার?